



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



নং-৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৮৭.২১-২০৪

তারিখ ০৩ শ্রাবণ ১৪২৯
১৮ জুলাই ২০২২

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম-এর আওতাধীন নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগকৃত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল থেকে পরিশোধ করার শর্তে প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদানে মন্ত্রণালয়ের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

ক্র: নং	শিক্ষা বোর্ড	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	অনুমতি প্রদানের বিষয়
১.	চট্টগ্রাম	শিশুমেলা মডেল স্কুল, রাজুনিয়া, চট্টগ্রাম।	প্রতিষ্ঠান স্থাপন
২.		চরশরত মডেল হাই স্কুল, মিরসরাই, চট্টগ্রাম।	
৩.		মখলেছুর রহমান চৌধুরী-আলতাজ খাতুন মাধ্যমিক বিদ্যালয়, চন্দনাইশ, চট্টগ্রাম।	
২.		উত্তর বড়বিল উচ্চ বিদ্যালয়, উখিয়া, কক্সবাজার।	
৩.		পোকখালী আইডিয়াল স্কুল, সদর, কক্সবাজার।	
৪.		মিতিঞ্জাছড়ি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, কাউখালী, রাজামাটি পার্বত্য জেলা।	
৭.		ডেবলছড়ি বাজার পাড়া নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।	

শর্তসমূহ:

- ০১ (এক) বছরের মধ্যে নিজস্ব জমিতে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণসহ অন্যান্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ সংগ্রহ করতে হবে;
- বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সঙ্গে সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না;
- পাঠদানের অনুমতি চাওয়ার পূর্বেই প্রধান শিক্ষকসহ প্রয়োজনীয় প্রশাসনিক জনবল নিয়োগ প্রদান করতে হবে;
- পাঠদানের অনুমতির জন্য আবেদনকালে ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের জন্য মন্ত্রণালয়ের ১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্ন মাধ্যমিক স্তরের জন্য ৬,০০,০০০ (ছয় লক্ষ), মাধ্যমিক স্তরের জন্য ১০,০০,০০০ (দশ লক্ষ) এবং উচ্চ মাধ্যমিক স্তরের জন্য ১৫,০০,০০০ (পনের লক্ষ) টাকা যৌথনামে [(ক) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি/সভাপতি (খ) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক দাখিল করতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে;
- কোনো শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোনো সময় এ অনুমোদন বাতিল করতে পারবে; এবং
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।

মোহা: শামী আক্তার

উপসচিব

ফোন: ৯৫৪০৫১৭


as.sec3@moedu.gov.bd

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
চট্টগ্রাম।

চলমান পাতা-০২

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে- অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, পলাশী-নীলক্ষেত্র, ঢাকা।
- ৩। যুগ্মসচিব, বেসরকারি মাধ্যমিক অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। পরিচালক/ উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। জেলা শিক্ষা অফিসার,
- ১০। প্রধান শিক্ষক,
- ১১। অফিস কপি।


(মোহা: শাম্মী আক্তার)
উপসচিব